



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয় : ২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ

ফোন : ০২-৯৯৭৭-১০৪৪০, E-mail: [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com)

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

ময়শিবো/কাউসিল/০১/০৭/১৯/৩২


তারিখ : ০৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
১৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর নাম ও বয়স সংশোধন কমিটির ৫০তম ও ৫১তম সভা নিম্নলিখিত তারিখ অনুযায়ী অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নিম্নোক্ত আবেদনকারীদের সকাল ১০:৩০ ঘটিকায় ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ভবন-১ এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় প্রয়োজনীয় কাগজপত্র (যে স্ব ক্ষেত্রে প্রযোজ্য) সঙ্গে নিয়ে আসতে হবে যেমনঃ প্রার্থীর পঞ্চম শ্রেণী সমাপনী পাসের সনদ (PEC) ও মূল প্রবেশপত্র, অষ্টম শ্রেণী (JSC) সনদ, জন্ম সনদ, ভর্তি রেজিস্টারের সত্যায়িত কপি, পাসপোর্ট, পিতা ও মাতার জাতীয় পরিচয় (NID) ও এসএসসি পরীক্ষার সনদ, নিকাহনামা, ভাইবোনের সনদ, ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পিতা কর্তৃক/পিতা না থাকলে মাতা কর্তৃক জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট দ্বারা এফিডেভিট এর মূলকপি ও অন্যান্য কাগজপত্রের (যদি থাকে) মূল কপি এবং একসেট ফটোকপি। আবেদনকারীকে পিতা/মাতাসহ যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক উপস্থিত থাকতে হবে। গত সভায় যাদের নাম ও বয়স সংশোধন হয়নি তাদেরকে সরাসরি নিম্নোক্ত সূচী মোতাবেক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, যাদের মন্তব্য কলামে 'YES' লিখা আছে তাদের সভায় উপস্থিত হওয়ার প্রয়োজন নেই।

| তারিখ ও বার         | বিষয়   | সময়           |
|---------------------|---|----------------|
| ২২/০১/২০২৪ সোমবার   | ১) এসএসসি-২০২০ এর নাম সংশোধন সভা;<br>২) এসএসসি-২০২১ এর নাম ও বয়স সংশোধন সভা;<br>৩) এসএসসি-২০২২ এর নাম ও বয়স সংশোধন সভা;<br>৪) এসএসসি-২০২৩ এর নাম ও বয়স সংশোধন সভা;<br>৫) এইচএসসি-২০২০ এর নাম সংশোধন সভা;<br>৬) এইচএসসি-২০২১ এর নাম সংশোধন সভা;<br>৭) এইচএসসি-২০২২ এর নাম সংশোধন সভা;<br>৮) জেএসসি-২০২২ এর নাম ও বয়স সংশোধন সভা; | সকাল: ১০:৩০ টা |
| ২৩/০১/২০২৩ মঙ্গলবার | ১) জেএসসি-২০১৯ এর নাম ও বয়স সংশোধন সভা;<br>২) জেএসসি-২০২০ এর নাম ও বয়স সংশোধন সভা;<br>৩) জেএসসি-২০২১ এর নাম ও বয়স সংশোধন সভা;  | সকাল: ১০:৩০ টা |

  
(প্রফেসর কিরীট কুমার দত্ত)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ